ওল্ডহ্যামের জন্য একটি উজ্জ্বল ভবিষৎ
A Brighter Future for Oldham

ভবিষৎতের জন্য স্কুল নির্মাণ
Building Schools for the Future
ওল্ডহ্যামের মাধ্যমিক (সেকেন্ডারী) শিক্ষার পরিবর্তন
Transforming Secondary Education in Oldham

ভূমিকা (Introduction)

ওল্ডহ্যাম কাউন্সিল একটি বড় ধরনের পরিকল্পনা প্রনয়ন করেছে। আমাদের বিশ্বাশ এটি ছেলেমেয়েদের সর্বকালের বৃহৎ শিক্ষা উন্নয়ন মূলক প্রকল্প।

২০০ মিলিয়ন পাউন্ড ব্যায়ে ভবিষৎতের জন্য নতুন স্কুল নির্মান করে ওল্ডহ্যাম কাউন্সিল এ যাবত কালের শিক্ষা খাতে সর্বোচ্ছ ব্যায় করছে। আমাদের উদ্দেশ্য হল যাতে এই বিপুল পরিমান বিনিয়োগ থেকে আমাদের নব প্রজন্ম বিভিন্ন সুবিধা ভোগ করতে পারে।

ওল্ডহ্যাম ইতিমধ্যে শিক্ষা উন্নয়নে ব্যাপক কৃতিত্ত্ব অর্জন করেছে। কিন্তু আমরা চাই আরো বেশি, আমাদের সকল ছাত্রছাত্রীদের জন্য ভাল ফলাফল। এই লক্ষকে সামনে রেখে আমারা বড় ধরনের একটি পরিবর্তনের জন্য প্রস্তাব করেছি। যা হবে ওল্ডহ্যামের প্রত্যেকটি মাধ্যমিক স্কুল পূর্ণ নির্মাণ, পূর্ণ স্থাপন অথবা পূর্ণ সজ্জিত করন।

ইহা কেবলমাত্র স্কুল ভবন নির্মাণ নয়, যাহাতে ভবিষৎতে স্কুলগুলো থেকে আমাদের ছেলেমেয়েরা তাহাদের চিন্তা শক্তির প্রসারতা লাভ করে। প্রত্যেকটি স্কুলে নিজস্ব ব্যবস্থাপনায় উন্নত তত্ত্ব প্রযুক্তির (IT) সুযোগ সুবিধা বৃদ্ধি করে, যাহাতে ওল্ডহ্যামের শিক্ষার্থীরা র্সবোচ্ছ সুযোগ সুবিধা নিয়ে দক্ষতা ও যোগ্যতা অর্জন করে একবিংশ শতাব্দীর চ্যালেন্জ মোকাবেলা করতে পারে। ছাত্রছাত্রীদের জন্য সকল সুযোগ সুবিধা আমরা উন্মুক্ত করে দিতে চাই।

আমরা আর চাই যেন প্রত্যেকটি স্কুল হয়ে উঠুক কমিউনিটির ছোট বড় সবার জন্য শিল্পকলা, খেলাধুলা ও স্বাস্থ্য সচেতন চর্চার কেন্দ্র বিন্দু। যাতে করে উক্ত সুযোগ সুবিধা অন্য স্কুল সমূহ ব্যবহার করতে পারে।

প্রত্যেক স্কুল ও প্রত্যেক ছাত্র (Every School & Every Child)

ওল্ডহ্যামে সচ্ছ শিক্ষার পরিবেশ সৃষ্টি করার লক্ষে প্রথম পর্যায়ে একটি দীর্ঘ মেয়াদী পরিকল্পনা করা হয়েছে। যা আমাদের মাধ্যমিক স্কুলগুলো পূর্ণ নির্মাণ এবং পূর্ণ সজ্জিত করন। এই পরিবর্তনের সাথে সাথে উচ্চতর শিক্ষার সাথে জড়িত প্রতিষ্টানদের সংঙ্গে কাউন্সিল কাজ করে যাচ্ছে। ব্যক্তিগত বা স্বেচ্ছাসেবী সংস্থার কাউন্সিলের চলতি শিক্ষা উন্নয়নমূলক কাজে ব্যাপক সহযোগিতা পাওয়া যাচ্ছে।
থেকে

শিশু ও তরুন প্রজন্মদের মধ্যে শিক্ষার ধারনা পরিবর্তনের মাধ্যমে তাদের উৎসাহ বৃদ্ধি করে এই নতুন সুযোগ সুবিধার সকল পথ খোলে দেওয়া, যাতে ওল্ডহ্যামের বর্তমান ও ভবিষৎ প্রজন্মের জন্য উপরোক্ত সুযোগ সুবিধা সমভাবে ব্যাবহার করতে পারে। ম্যানচেষ্টারের সিটি অঞ্চলের অংশ হিসাবে ওল্ডহ্যাম কাউন্সিলের অনেকে এই সুযোগ সুবিধা ব্যবহার করে সঠিক দক্ষতা ও জ্ঞান অর্জন করতে পারে, যাতে অর্থনীতিতে ব্যাপক পরিবর্তন হবে।

আমরা চাই ওল্ডহ্যামের প্রত্যেকটি ছাত্র ছাত্রী তাদের স্কুল জীবন শেষ করে সফলভাবে তারা কর্মজীবনে প্রবেশ করতে পারে। এই জন্য জাতীয় / আঞ্চলিক বা স্থানীয় ভাবে সকল সুযোগ সুবিধা থাকে, যাতে সটিক কর্মদক্ষতা অর্জন করতে পারে। সফল ভাবে কর্মজীবনে বা কলেজ বিশ্ববিদ্যালয়ে যেতে পারে। আমরা তাদের উপর কোন চাপ প্রয়োগ করতে চাইনা, তাদের পছন্দ অনুসারে কাজে যোগদান করতে পারবে। আমরা ওল্ডহ্যামের সকল ছাত্র ছাত্রীদের মঙ্গল চাই। এ জন্য আমরা মাধ্যমিক স্কুলগুলোতে ব্যাপক পরিবর্তনের প্রস্তাব করছি। কিছু স্কুল বন্দ করে পূর্ণস্থাপন করা হবে। নতুন স্কুলগুলোতে মিলিয়ন পাউন্ড ব্যায় করে আধুনিক শিক্ষার উপযোগী করে তোলা হবে, যা আমাদের ছেলেমেয়েদের প্রয়োজন।

২০০৮ সালে ফেব্রুয়ারী মাসে প্রথম পর্যায় সম্পূর্ণ হয়েছে। বিগত ৪০ বৎসরের মধ্যে ওল্ডহ্যামে নতুন মূল ধারায় মাধ্যমিক স্কুল প্রতিষ্টা করা হচ্ছে। Radclyffe and Failsworth স্কুল দুটি ওল্ডহ্যামের সকল ছাত্র ছাত্রীদের জন্য উন্মুক্ত করে হয়েছে।

আমাদের নতুন দুটি স্কুল ছাত্র ছাত্রীদের গুনগত শিক্ষার পরিবেশ ও ব্যাপক অভিজ্ঞতা অর্জন করতে পারবে। আমরা জানি ছাত্র ছাত্রীরা নতুন স্কুলে আসলে আর নিরাপদ মনে করবে। তাদের আচরন আর ভাল হবে। তারা আর ভাল ফলাফল আনতে পারবে। ইতিবাচক স্কুলের পরিবেশ তাদের উৎসাহ এবং কৃতিত্ত্ব দুটুই বাড়াবে। এই নতুন দুটি স্কুলে তত্ত্ব প্রযুক্তি (IT) ক্ষেত্রে আমরা

ব্যাপক বিনিয়োগ করেছি। শিক্ষকদের নতুন পদ্ধতিতে শিক্ষাদান ছাত্র এবং শিক্ষক উভয়ের লাভবান হবে। তাছাড়া স্কুলসমূহে উন্নত খেলাধুলার সুযোগ সুবিধা রয়েছে, যাতে ছাত্র ছাত্রী ও তরুন প্রজন্ম আর স্বাস্থ্যবান এবং কর্মক্ষম হবে। যার সুফল কমিউনিটির সকলে ভোগ করতে পারবে।

আমরা আপনাদের মতামত চাই (We want your views)

অতি গুরুত্ব সহকারে পরিকল্পনা সম্বন্ধে জানানো হচ্ছে।

নতুন স্কুল নির্মাণের বিশাল পরিবর্তনের কাজ ইতিমধ্যে ওল্ডহ্যাম কাউন্সিল শুরু করেছে। যদিও ২০১২ সালের আগে এই সকল নতুন স্কুল খোলা হবে না।

যদি আপনি অভিভাবক বা পিতামাতা হয়ে থাকেন যাদের ছেলেমেয়ে বর্তমানে প্রাইমারী স্কুলে বা ৬ষ্ট, ৭ম, এবং ৮ম বর্ষের ছাত্রছাত্রী , তাহলে আপনার ছেলেমেয়েরা উক্ত নতুন স্কুলগুলোতে ভর্তি হবে।

আমরা মনে করি কাউন্সিলের এই সময়োপযোগি প্রস্তাব বাস্তবায়ন হলে ওল্ডহ্যামের সকলের জন্য ভাল ফল বয়ে আনবে। আপনার মতামত ও চিন্তাধারাকে আমরা অবশ্যই গুরুত্ব সহকারে দেখছি। আমরা চাই সমগ্র ওল্ডহ্যামবাসীর মতামতের ভিত্তিতে চুড়ান্ত কর্ম পরিকল্পনা প্রনয়ন দিকে অগ্রসর হতে।
মাধ্যমিক স্কুলগুলোর এই পরিবর্তনের জন্য আমাদের কাজের অংশ হিসাবে আপনার সুচিন্তিত পরামর্শ চাই। পিতা মাতা এবং অভিভাবক ছাড়াও প্রজেক্ট এর সাথে জড়িত সকল (স্টেইক হোল্ডার) এর মতামত চাই।

যে সমস্ত স্কুলগুলো বন্ধ হয়ে যাবে তাদের সংঙ্গে জড়িতদের জন্য আগামী মে মাস থেকে জুলাই মাস পর্যন্ত বাধ্যতামূলক পরামর্শ গ্রহন করব। পরামর্শমূলক সভায় আর বিস্তারিত ভাবে জানানো হবে। বিস্তারিত দলিলপত্র অন্য কোথাও পাওয়া যাবেনা।

যদি এই প্রস্তাব বাস্তবায়নের কারনে কেউ সরাসরি ক্ষতিগ্রস্ত হয়ে থাকেন, তাহলে চিটির মাধ্যমে বিস্তারিত বিষয়াদি সর্ম্পকে জানানো হবে। অন্য স্কুল সম্বন্ধে কি প্রস্তাব করা তা আমরা ব্যাখা করে আপনাদের জানাব। বড়ার ভবিষৎ শিক্ষা কাঠামো কি হবে তা সর্ম্পকে আপনাদের মতামত নেওয়া হবে। যদি আপনার ঘরে কম্পিউটার এবং ইন্টারনেটের সংযোগ থাকে তাহলে আমাদের ওয়েব সাইটে গিয়ে বিস্তারিত তত্ত্ব সম্বন্ধে জানতে পারেন। আমাদের ওয়েব সাইট হল - www.oldham.gov.uk/bsf

ওল্ডহ্যামের ভিশন / উদ্দেশ্য (The Vision for Oldham)

আমরা বিশ্বাস করি শিক্ষা হল একটি শক্তিশালী মাধ্যম যা সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তন করতে পারে। ওল্ডহ্যামে মানসম্মত স্কুল আছে এবং তাদের পরীক্ষার ফলাফল ভাল কিন্তু আমরা আর ভাল করতে চাই এবং তার জন্য আমাদের সকলকে অবশ্যই চেষ্টা করতে হবে।

পরিশ্রমী শিক্ষক ও সহযোগী স্টাফরা অসাধারন কাজ করছেন, কিন্তু আমরা চাই সকল ছেলেমেয়েদের অতি তাড়াতাড়ি উচ্চ ফলাফল যাতে তারা সময়োপযোগী হয়ে উঠতে পারে। ওল্ডহ্যামের স্কুল সমূহ ছেলেমেয়েদের ভাল সেবা দিয়ে যাচ্ছে। কিছু কিছু স্কুলে তাদের পুরাতন ভবনে আধুনিক সুযোগ সুবিধা নেই, তাই আধুনিক শিক্ষার সকল সুযোগ সৃষ্টি করা প্রয়োজন।

দ্রুত সম্ভব পাঠ্যক্রম পরিবর্তন করা হচ্ছে। ছেলেমেয়েদের অনেক ধরনের পছন্দ সুবিধা (Option) থাকবে। শিশু ও তরুনরা তাদের পছন্দ অনুসারে আধুনিক শিক্ষা গ্রহন করতে পারবে। পরিবর্তনশীল বিশ্বে প্রতিনিয়ত কাজের ধরন পরিবর্তন হচ্ছে। ছাত্রছাত্রীদেরকে যে কোন পরিবেশে দলগত ভাবে কাজ করার উপযোগী করে তোলার উদ্দেশ্যকে সামনে রেখে নতুন স্কুল ভবন নির্মাণ করে হবে যাতে ছাত্রছাত্রীদের জন্য শিক্ষা দান ও শিক্ষা গ্রহন পাটক্রম আর ভাল হয়। পূর্বের চেয়ে এখন তরুনদের জন্য কাজ পাওয়া অনেক বেশি কঠিন, সে জন্য বহুমূখী সুযোগ সুবিধার প্রয়োজন। শুধু রচডেল, টেমসাইড বা ম্যানচেষ্টারের ছাত্রছাত্রীদের সাথে প্রতিযোগিতা করতে হবে তা নয়, এখন তাদেরকে উন্নত বিশ্বের সব জায়গায় প্রতিযোগিতা করতে হবে। ওল্ডহ্যামের ছেলেমেয়েরা ভাগ্যবান তারা গ্রেটার ম্যানচেষ্টারের অংশ, দেশের একটি বিখ্যাত নগরীর দ্বারপ্রান্তে বসবাস করে। তত্ত্ব প্রযুক্তি ও যোগাযোগের ক্ষেত্রে ওল্ডহ্যামকে বিশ্ব অর্থনীতির অংশ হিসাবে আমরা দেখতে চাই।

উচ্চ বেতনে ভাল চাকুরীর জন্য যথাযথ দক্ষতা যোগ্যতা অর্জন করলে তারা ভাল চাকুরীর প্রতিযোগিতায় নামতে পারবে। শুধু ওল্ডহ্যাম বা ম্যানচেষ্টারে নয় এমনকি সাড়া বিশ্বের যেকোন স্থানে।

এই জন্য আমাদের প্রয়োজন বিভিন্ন ধরনের প্রাতিষ্ঠানিক ও কারিগরী শিক্ষা প্রত্যেকটির সাথে ব্যাপকহারে তত্ত্ব প্রযুক্তির ব্যবহার থেকে যে শিক্ষা পাবে তা সর্বক্ষেত্রে যোগ্য করে তুলবে। আমরা আর চাই সকল কমিউনিটির তরুন প্রজন্ম সমান সুযোগ সুবিধা নিয়ে যাতে আরও এক ধাপ এগিয়ে যেতে পারে। তাদের আত্ম বিশ্বাষ , আত্ম মর্যাদা ও সহমোর্মিতা থাকে।

আমাদের ভবিষৎ উদ্দেশ্য হল ওল্ডহ্যামের সকল মাধ্যমিক স্কুল কে :-

- আধুনিক পরিপূর্ণ কর্ম পদ্ধতি প্রনয়ন করে শিক্ষা দান ও শিক্ষা গ্রহনকে আর উন্নত করা।
- সর্বাধুনিক সুযোগ সুবিধা প্রদান
- আর বেশি বিষয়ে পছন্দ করা সহ তত্ত্ব প্রযুক্তির ব্যবহারকে ব্যাপক হারে বৃদ্ধি করা।
- ছেলেমেয়েদের জন্য সব ধরনের প্রয়োজনীয় সুযোগ সুবিধা সৃষ্টি করা।
- কমিউনিটির সকল জনসাধারন যাতে স্কুলের শিক্ষা এবং বিনোদনে অংশ গ্রহন করতে পারে তার সুযোগ সৃষ্টি করা।

আমাদের উচ্চাঙ্কা ওল্ডহ্যামের তরুন প্রজন্মদের নির্দিষ্ট লক্ষ্য পৌছানো। সে জন্য ব্যাপক পরিবর্তন আনা হচ্ছে। আমরা বিশ্বাষ করি আমাদের প্রস্তাব ওল্ডহ্যামের জনসাধারনের উজ্জল ভবিষৎ কাটামো গঠন করবে।

প্রস্তাব সমূহ (The Proposals)

আমাদের প্রস্তাবের উদ্দেশ্য হল ওল্ডহ্যামের প্রতিটি মাধ্যমিক স্কুল ও সকল ছাত্রছাত্রীদের এই রের্কড পরিমান বিনিয়োগ থেকে সুবিধা নিশ্চিত করা।

প্রত্যেক স্কুলকে হয় পূর্ণ নির্মাণ, পূর্ণস্থাপন অথবা ব্যাপক পূর্ণ সজ্জিত করন, এবং নতুন তত্ত্ব প্রযুক্তি খাতে এই স্কুলগুলো পাবে বিপুল পরিমান বিনিয়োগ। এই প্রস্তাবের মধ্যে রয়েছে বর্তমান পাঁচটি স্কুল বন্ধ করে তিনটি প্রাতিষ্টানিক (একাডেমিক) স্কুলে রুপান্তরিত করা হবে।
২০১০ থেকে প্রাতিষ্টানিক স্কুলের কার্যক্রম বর্তমান স্কুল ভবনে খোলা হবে। আশা করি ২০১২ সালের দিকে নতুন স্কুল ভবন সমূহের নির্মাণ কাজ সম্পূর্ণ হলে তা নতুন ভবনে স্থানান্তর করা হবে।

এই সমস্ত প্রাতিষ্টানিক স্কুলের সাহায্যে এগিয়ে এসেছে অলাভজনক সংস্থাগুলো। স্থানীয় সংস্থাগুলো হল ওল্ডহ্যাম কলেজ, ওল্ডহ্যাম সিক্সথ ফরম কলেজ এবং ওল্ডহ্যাম কাউন্সিল।

- আমরা প্রস্তাব করেছি ওয়াটার হেডে সাবেক ওরব মিলের খালি জায়গায় একটি প্রাতিষ্টানিক স্কুল নির্মাণ করা হবে, যাতে সহযোগিতা করবে ওল্ডহ্যাম কলেজ।
- আমরা ২য় প্রস্তাব করেছি হলিনস্ রোডের সাবেক ওয়াক কলেরীর স্থানে একটি নতুন স্কুল নির্মাণ করা হবে, যাতে সহযোগিতা করবে চ্যারিটি সংস্থা ওয়াসিস ল্যারনিং ট্রাস্ট।

- আমাদের তৃতীয় প্রস্তাব হল Our Lady's RC School, Royton এর স্থানে নির্মাণ করা হবে, তাতে সহযোগিতা করবে Edutrust charity.

- রোমান ক্যাথলিক সংস্থা সিন্দান্ত নিয়েছে দুটি রোমান ক্যাথলিক স্কুল Our Lady's এবং St Augustine of Canterbury স্কুল দুটিকে নতুন এমন এক জায়গায় নির্মাণ করা হবে যেখানে বরার সকলের জন্য উন্মুক্ত হয়। সেই জন্য বর্তমান মেরিডিয়ান বিসনেস সেন্টারকে নির্বাচন করা হয়েছে, যা ওল্ডহ্যাম টাউন সেন্টারে অবস্থিত।

- ব্রীজহিল, কাউন্টহিল, গ্রেইনজ, কাসকিনমুর এবং সাউথ চ্যাডারটন স্কুল সমূহ ক্রমানয়ে বন্ধ করা হবে। নতুন শিক্ষাক্রম চালু হবে বর্তমান স্কুলে ২০১০ সালে। ২০১২ সালের দিকে নতুন স্কুল ভবনের শিক্ষাক্রম স্থানান্তর করা হবে।

- স্যাডালউরথ স্কুলকে নতুন জায়গায় পূর্ণ স্থাপন করা হবে।

- নিউ ব্রীজ স্কুল বর্তমান স্থানে পূর্ণ নির্মাণ করা হবে।

- রয়টন ক্রমটন, হ্যাদারশও,নরথ চ্যাডারটন, দি ব্লু কোট এবং ক্রমটন হাউস পূর্ণ সজ্জিত করে তত্ত্ব প্রযুক্তি খাতে বিপুল পরিমান বিনিয়োগ করা হবে।

সব গুলো স্কুল এক সাথে নির্মাণ করা সম্ভব হবে না। আমাদের উদ্দেশ্য হল প্রথম পর্যায় কাজ শেষ করা ২০১২ সালের দিকে। এই সময়ের মধ্যে রোমান ক্যাথলিক স্কুল সহ তিনটি প্রাতিষ্টানিক স্কুল নির্মাণ করা এবং অন্তত একটি স্কুলকে পূর্ণ সজ্জিত করা হবে।
বাকী স্কুলগুলো পর্যায়ক্রমে ২০১৩ এবং ২০১৪ সালে নির্মাণ সম্পন্ন হবে।

পরবর্তীতে কি হবে (What happens next)

আমরা অতি তাড়াতাড়ি কিছু স্কুলের জন্য বাধ্যতা মূলক পরামর্শ সভার ব্যবস্থা করতে যাচ্ছি। যখন কোন স্কুলের বিশেষ পরিবর্তনের প্রস্তাব করা হয় তখন আইননুযায়ী স্থানীয় প্রশাসনকে পরামর্শ সভা করতে হয়।

BSF প্রোগ্রাম এর মধ্যে অনেক স্কুলের জন্য বাধ্যতামূলক পরামর্শের প্রয়োজন নাই।

নিম্ন লিখিত স্কুল গুলো পূর্ণ সজ্জিত করা হবে

- Royton and Crompton
- North Chadderton
- Blue Coat
- Crompton House

তাছাড়া স্কুল পূর্ণ নির্মাণ করা হবে নতুন স্থানে।

বর্তমানে মতামত দেওয়ার সুযোগ রয়েছে ভবিষৎতে কি ধরনের স্কুল কাঠামো নির্মাণ করা হবে। প্রত্যেক স্কুলের জন্য আলাদা ভাবে কর্ম পরিকল্পনা করবে, এর ফলে প্রত্যেকটি স্কুলে কি করতে হবে তার জন্য একটি পরিস্কার পরিকল্পনা পাওয়া যাবে। আমাদের প্রযুক্তিবিদ, শিক্ষাবিদ, ও বিশেষজ্ঞরা পরিস্কার করে একটি কর্ম পরিকল্পনা করবে ২০০৮ সালের শরৎকালের মধ্যে সমাপ্ত হবে।

এই সময়ের মধ্যে গভর্নর হেডটিচার এবং ষ্টাফদের সাথে কাজ করে যাবে। এর মধ্যে পিতামাতা ছাত্রছাত্রী এবং অন্যান্ন শিক্ষার সাথে সংশ্লিষ্টদের কে জড়িত করা হবে।

আমাদের উদ্দেশ্য বর্তমান স্থানের পার্শ্বে Saddleworth নতুন স্কুল স্থাপন করা হবে। যত তাড়াতাড়ি সম্ভব বিস্তারিত প্রস্তাবলী নিয়ে প্রকাশ করা হবে যা কোন মতে ২০০৮ সালের শরৎকালের পরে হবে না।

প্রাতিষ্টানিক স্কুল (Academy Schools)

আমাদের পরিকল্পনা তিনটি প্রাতিষ্টানিক স্কুল নির্মাণ করা।

নতুন ধরনের সরকারী স্কুলগুলোকে আর দক্ষ করতে সাহায্য করবে। ব্যবসা, ধর্ম, শিক্ষা অথবা স্বেচ্ছাসেবী সংস্থা দ্বারা মাধ্যমিক শিক্ষাকে আর উন্নত করবে।

আমরা আনন্দিত যে, ওল্ডহ্যামের নিরাপদ সহযোগি সংস্থা ওল্ডহ্যাম কলেজ, ইতিমধ্যে থারা আমাদের পুরাতন স্কুল পরিদর্শন করছে ও দাতব্য সংস্থা ওয়াসিস ল্যারনিং ট্রাস্ট এন্ড এডু ট্রাস্ট (OFSTED) ওল্ডহ্যামের সকল সহযোগি সংস্থা সরকারী চ্যারিটি রেজিস্টার ভুক্ত এবং অলাভজনক প্রতিষ্টান শিক্ষা তাদের মূল উদ্দেশ্য।

ওল্ডহ্যাম সিক্সথ ফরম কলেজ জাতীয় বেকন কলেজ কতৃক স্বীকৃত এবং ওল্ডহ্যাম কাউন্সিল প্রত্যেক শিক্ষা প্রতিষ্টানের অংশীদার। তৃণমূল পর্যায় আমাদের অংশীদারের কারনে ওল্ডহ্যামের স্কুলগুলো নতুন বিশষজ্ঞ হওয়ার সুযোগ সৃষ্টি হয়েছে। যা ওল্ডহ্যামের জন্য বড় সম্পদ বয়ে আনবে।

আমাদের অংশীদ্বারদের ওল্ডহ্যাম সম্বন্ধে স্বচ্ছ ধারনা আছে, তারা তরুন প্রজন্মের আশা আকাঙ্কা ও কর্মদাতাদের সাথে বিশেষ ভাবে যুক্ত আছেন।

পিতামাতা ছাত্রছাত্রী স্কুল ষ্টাফদের আত্মবিশ্বাষ ও সাংগঠনিক ভাবে জড়িত করে ওল্ডহ্যামের নতুন স্কুল গুলোকে আর মান সম্মত করে তোলা। ওল্ডহ্যাম কাউন্সিল অঙ্গীকারবদ্ধ সকল স্কুল সমূহ ক্রমবর্তমান সাহায্য সহযোগিতা নিশ্চিত করন।

এই কর্মসূচী সফল করতে আমাদের স্কুলগুলোকে উচ্চমান সম্মত ষ্টাফ দ্বারা পরিচালনা নিশ্চিত করা। এই প্রকল্প বাস্তবায়নে আমরা স্কুলগুলোর সাথে কাছে থেকে কাজ করে যাচ্ছি। ট্রেড ইউনিয়ন ও সকল কর্মচারীদের সাথে সমভাবে কাজ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি।

আমরা হেডটিচার এবং শিক্ষা সাথে জড়িত সংশ্লিষ্টদের সংঙ্গে খুবই কাছ থেকে কাজ করে যাচ্ছি। আমাদের পরিকল্পনা বর্তমান স্কুল ভবন গুলো ২০১০ সালে শিক্ষাগ্রহনের জন্য উপযোগী করে তোলা।

এই বৎসর ফেব্রুয়ারীতে খোলা হয়েছে Radcliffe এবং Failsworth স্কুল। এতে আমাদের অভিজ্ঞতা হয়েছে নতুন ভবন কিভাবে শিশু ও তরুন প্রজন্মের উপর প্রতিফলন ঘঠে।

আমাদের নতুন শিক্ষা ভবন গুলো এমন ভাবে নির্মাণ করা হবে যাতে আধুনিক সকল সুযোগ সুবিধা থাকে। এই সমস্ত সুযোগ সুবিধা যাতে অন্য স্কুল ও কমিউনিটির বেশীর ভাগ মানুষ ব্যবহার করতে পারে।

নতুন ধরনের স্কুল (A new type of school)

ওল্ডহ্যামের অন্য স্কুল থেকে নতুন ধরনের প্রাতিষ্টানিক স্কুলের মধ্যে অনেক নীতিমালা প্রয়োগ করা হবে, যেমন:-

- আমরা জাতীয় পাঠ্যক্রম চালু করতে আমরা অঙ্গীকারবদ্ধ।
- শিশুদের যে কোন ক্ষমতাকে গ্রহন করা হবে এমনকি যদি বিশেষ শিক্ষার প্রয়োজন হয়।
- স্কুলের শিক্ষক ও ষ্টাফদের জাতীয় বেতন স্কেলে বেতন প্রদান করা হবে। এই ধরনের নিয়ম অন্য সকল স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- অন্য সকল স্কুলের মত ওল্ডহ্যাম কাউন্সিল ভর্তি প্রক্রিয়ার সাথে জড়িত থাকবে।

প্রাতিষ্টানিক স্কুল গুলো ওল্ডহ্যামের অন্য সকল স্কুলের একটি অংশ।মাধ্যমিক স্কুল এক সাথে শক্তিশালী হওয়ার পথে কাজ করে যাবে। প্রাতিষ্টানিক স্কুল ও সহযোগিতার পথে কাজ করে যাবে।

প্রস্তাবিত স্থান সমূহ (Proposed Sites)

আমাদের পরিকল্পনার অংশ হিসাবে প্রস্তাবিত নতুন স্কুলের জন্য স্থান চিহ্নিত করা হয়েছে। বিভিন্ন দিক পর্যালোচনা করে নিম্ন লিখিত স্থান পছন্দ করা হয়েছে।

- ওল্ডহ্যাম কাউন্সিলের ভবিষৎত আনুমানিক ছাত্র সংখ্যা
- সকল পিতামাতাদেরকে উৎসাহ দেওয়ার জন্য বেশী পছন্দ করার জন্য ভাল স্কুল বা খুবই ভাল স্কুল স্থাপন করা।
- আমরা আর উৎসাহ প্রদান করছি যে সামাজিকভাবে মিশ্র ছাত্রছাত্রীদের এক সাথে লেখা পড়ার সুযোগ পেতে পারে।
- সকল ছাত্র ছাত্রী ও পিতামাতা স্কুলের উপস্থিতি নিশ্চিত করন।

- সরকারী নিয়মানুযায়ী নতুন স্কুল গুলোর জন্য নকৃসা এবং স্থান নির্বাচন করা।
- যদি সম্ভব হয় নিরপেক্ষ জায়গায় নতুন স্থাপন করা যাবে।
- খালি জমি পাওয়া সাপেক্ষে।

যে সমস্থ্ নিয়ম মেনে আমরা নতুন স্কুলের স্থান নির্বাচন করেছি:-

- Orb Mill - Huddersfield Road একটি নতুন স্কুলের প্রস্তাব করা হয়েছে।
- Oak Colliery - Hollins Road রোডে আরেকটি নতুন স্কুল করা হবে।
- বর্তমানে Our Lady's RC School Royton এর স্থানে আরেক প্রাতিষ্টানিক স্কুল করা হবে।
- রোমান ক্যাথলিক Diocose of salford সিন্দান্ত নিয়েছে Meridian Business Park , Oldham Town Centre এ নতুন রোমান ক্যাথলিক স্কুল নির্মাণ করবে।

এসব স্থানে স্কুল প্রসস্ত করে নির্মাণ করার জন্য রয়েছে যতেষ্ট পরিমান জায়গা। যাতে থাকবে সামাজিক কর্মকান্ডের স্থান, বিভিন্ন ধরনের খেলা ধুলার সুবিধা পরিপূর্ণ শরীরর্চচার সুযোগ সুবিধা থাকবে, যাতে স্কুল চলাকালীন সময়ে ছাত্রছাত্রীরা স্কুলের বাহিরে যেতে না চায় তার প্রয়োজনীয় সকল সুযোগ সুবিধা থাকবে। Orb Mill, Oak Colliery এবং Meridian এর স্থানে সব কিছু থাকলে ও খেলাধুলার প্রতিযোগিতার জন্য দূরবর্তী স্থানে অতিরিক্ত খেলার মাটের ব্যবস্থা থাকবে।

আমাদের পছন্দ এই নয় যে আমরা ইতিমধ্যে সব টিক করে রেখেছি। পরামর্শমূলক সময়ে যাই ঘটুক না কেন আমরা সর্বদা কারিগরি দিকে বিপদের ঝুকি বিবেচনা করে সব সময় সব জায়গা ব্যবহার করা যায় না।
প্রস্তাবিত স্থান যখন চুড়ান্ত পরিকল্পনার দিকে যায় তখন অনেক কিছু যুক্ত হয় যেমন ট্রাফিক ব্যবস্থা, নিরাপত্তা, বাতাসের গুন ইত্যাদি বিস্তারিত বিবেচনা করে এই পরিকল্পনা করা হয়েছে।

আমরা প্রস্তাবিত স্থান বেছে নিয়েছে পূর্ণভাবে শিক্ষা কারিগরি অর্থনৈতিক এবং অন্যান্ন দিক বিবেচনা করে। আমরা বিশ্বাষ করি উক্ত স্থান সবচেয়ে ভাল। আমরা স্থান পরিবর্তন করতে পারি যদি তার ছেয়ে ভাল কোন স্থান পাওয়া যায় এবং যা যা প্রয়োজন তা যদি থাকে। এতে সবাই যে খুশি হবেন তা আমরা আশা করি না। আমাদের কাজ হল ওল্ডহ্যামের ভবিষৎ শিক্ষা কাঠামো ও উপরুক্ত বিষয়াদি বিবেচনা করে সিন্দাত নেওয়া হয়েছে।

বিশেষ গুরুত্ব সহকারে আগামী মাসে আপনাদের মতামত নেওয়ার জন্য আমন্ত্রন করা হবে।

পরার্মশ প্রক্রিয়া (The Consultation process)

ওল্ডহ্যাম কাউন্সিল এখন থেকে এই পরিবর্তনের জন্য কাজ শুরু করে দিয়েছে। যদি ও ২০১২ সালের আগে কোন নতুন স্কুল খোলা হবে না।

আমাদের প্রস্তাব বাস্তবায়নের জন্য পূর্বে আমরা নিশ্চিত হতে চাই। ওল্ডহ্যামের জন্য বিশাল বিনিয়োগ থেকে যাতে সর্বাধিক সুবিধা নেওয়া যায় তার অংশ হিসাবে যারা শিক্ষা বিষয়ে আগ্রহী তাদের সকলের মতামত নেওয়া হবে।

গত বৎসরের ১ম পর্যায় পরামর্শের সময় জনসাধারনের মতামত নেওয়া হয়েছে। আমাদের ভবিষৎ শিক্ষা পরিকল্পনার সাথে ওল্ডহ্যামবাসী ইতিবাচক মনোভাব পোষন করেছেন। অবশ্য কিছু প্রস্তাব আমরা বিবেচনা করেছি। ওল্ডহ্যাম কাউন্সিল কেবিনেট প্রথম পর্যায়ের পরামর্শগুলো কিভাবে অনুমোদন করছে তা আপনি ইচ্ছা করলে কাউন্সিলের ওয়েব সাইটে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেখতে পারবেন।

মে থেকে জুলাই মাস পর্যন্ত অনুষ্ঠিত হবে বাধ্যতামূলক পরামর্শ সভা যাতে পিতামাতা, শিক্ষক এবং অন্য যারা স্কুলের সাথে জড়িত এবং যারা এই কার্যক্রমে ক্ষতিগ্রস্ত হবেন তারা অংশ গ্রহন করতে পারবেন।

তাছাড়া আমরা আর আলোচনা করে স্কুল গর্ভনর ট্রেড ইউনিয়ন ষ্টাফ কমিউনিটির নেতৃবৃন্ধ স্বেচ্ছাসেবী সংস্থা এবং ধর্মীয় গোষ্টির সংঙ্গে।

পরামর্শ সভা (Consultation)

বিস্তারিত জানার জন্য নিম্নলিখিত স্থানে দয়া করে এসে আমাদের প্রস্তাবের ব্যাপারে আপনার মতামত দিন:

আপনার কাসকানমূর এবং সাউথ চ্যাডারটন স্কুলের প্রস্তাব বিবেচনার শেষ দিন
স্থান: St Margaret's School, Hive Street, Hollinwood, Oldham.
তারিখ: 20th May 2008 সময়: 3.00 pm – 7.00pm

আপনার গ্রেইন্জ স্কুলের প্রস্তাব বিবেচনার শেষ দিন
স্থান: Grange School, Rochdale Road, Oldham.
তারিখ:21st May 2008 সময়: 3.00pm – 7.00pm

আপনার ব্রীজহিল এবং কাউন্টহিল স্কুলের প্রস্তাব বিবেচনার শেষ দিন
স্থান:Greenacres Primary School, Dunkerley Street, Oldham.
তারিখ: 22nd May 2008 সময়: 4.30pm – 7.30pm

বিস্তারিত জানুন:

এখন দলিল পত্র প্রকাশ করা হয়েছে প্রত্যেক স্কুলের জন্য কি ভবিষৎ পরিকল্পনা করা হয়েছে তা বিস্তারিত জানতে পারবেন।

আমাদের ওয়েব সাইটে সর্বশেষ তত্ব পাবেন:-www.oldham.gov.uk/bsf

এছাড়া আর বেশী তত্ব পাবেন আমাদের সহযোগী অংশীদারদের ওয়েব সাইটে:-

The Oasistrust:- www.oasiscommunitylearning.org
Edutrust:- www.edutrust.org
The Oldham College:- www.oldham.ac.uk
Oldham Sixth Form College:- www.osfc.ac.uk

আপনি আরও যোগাযোগ করতে পারবেন নিম্ন ঠিকানায়
Oldham BSF Project Team
Level 8, Civic Centre
PO Box 40, West Street
Oldham , OL1 1XJ

Tel: 0161 770 3287
Fax: 0161 770 3222
E-mail: cypf.bsf@oldham.gov.uk

আপনি এই দলিলপত্র অন্যান্ন ভাষায় ব্রেইল, অডিও, এবং বড় অক্ষরে পেতে পারেন। আপনি যদি এর একটি কপি চান তাহলে দয়া করে 0161 770 4707 এই নাম্বারে যোগাযোগ করুন।